অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/19/2022 **গভর্নর ক্যাথি হোচুল**

বৈদ্যুতিক যানবাহন ক্রয়ের সময় ভোক্তাদের 2,000 ডলার পর্যন্ত সাশ্রয় করতে সাহায্য করে এমন কর্মসূচির জন্য গভর্নর হোকলের 12 মিলিয়ন ডলার বরাদ্দ প্রদান

ড্রাইভ ক্লিন রিবেট প্রোগ্রাম নিউ ইয়র্কবাসীদেরকে অপেক্ষাকৃত নির্মল জ্বালানির গাড়ি চালাতে সাহায্য করে এবং প্রাথমিক খরচ কমিয়ে আনে

শূন্য-নির্গমন যানবাহন ও চার্জারের জন্য তহবিল সরবরাহ করতে 49টি মিউনিসিপ্যাল প্রকল্পকে 2.7 মিলিয়ন ডলার বরাদ্দ করা হচ্ছে, যা নির্গমন কমাতে সাহায্য করবে

গভর্নর ক্যাথি হোকল আজ বৈদ্যুতিক যানবাহন ক্রয়ের ক্ষেত্রে ভোক্তাদের 2,000 ডলার পর্যন্ত সাশ্রয় করতে সাহায্য করার জন্য ড্রাইভ ক্লিন রিবেট (Drive Clean Rebate) কর্মসূচির জন্য 12 মিলিয়ন ডলারেরও বেশি অর্থ বরাদ্দ প্রদান এবং জলবায়ু পরিবর্তন মোকাবেলা ও অধিকতর স্বাস্থ্যকর কমিউনিটি গড়ে তোলার উদ্দেশ্যে জনসাধারণের ব্যবহারের জন্য বৈদ্যুতিক যানবাহন ক্রয় এবং শূন্য-নির্গমন চার্জিং/ফুয়েলিং স্টেশন স্থাপনের জন্য স্থানীয় সরকারগুলোকে 2.7 মিলিয়ন ডলার বরাদ্দ দেওয়ার কথা ঘোষণা করেছেন। 2050 সালের মধ্যে গ্রিনহাউজ গ্যাস নির্গমন 85 শতাংশ কমিয়ে আনার জন্য জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইনের অধীনে নিউ ইয়র্কের উচ্চাকাঙ্ক্ষী লক্ষ্য অর্জনে স্টেটের প্রচেষ্টাকে এগিয়ে নিতে ভোক্তাদের অর্থ ফেরত দেওয়ার কর্মসূচির জন্য এবং 49টি কমিউনিটিভিত্তিক প্রকল্পের জন্য দেওয়া বরাদ্দ হিসেবে মোট 14.7 মিলিয়ন ডলার প্রদান করা হচ্ছে।

"শূন্য-নির্গমন যানবাহনগুলো গ্রিনহাউজ গ্যাস নির্গমন কমিয়ে আনা এবং আমাদের পরিবহন খাতের বৈদ্যুতীকরণ জোরদার করার সবচেয়ে কার্যকর উপায়গুলোর একটি," **বলেছেন গভর্নর হোকল**। " নির্মল বৈদ্যুতিক যানবাহনের দিকে উত্তরণের পথে প্রতিটি মাইলফলকে পৌঁছানোর অর্থ হলো কমিউনিটিগুলোতে বায়ুর মান উন্নত করার দিকে আরো একধাপ কাছাকাছি এগিয়ে যাওয়া, এবং অধিকতর নির্মল, আরো সবুজ একটি ভবিষ্যতের দিকে এগিয়ে যাওয়ার পথ নির্মাণ অব্যাহত রাখতে পেরে নিউ ইয়র্ক গর্বিত।"

বৈদ্যুতিক যানবাহন ক্রয় করছেন অথবা ভাড়া নিচ্ছেন এমন ভোক্তাদের জন্য ড্রাইভ ক্লিন রিবেট কর্মসূচি একটি পয়েন্ট-অব-সেল রিবেট প্রদান করবে যা প্রাথমিক খরচ কমিয়ে আনবে। নিউ ইয়র্ক স্টেটের জ্বালানি গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষ (New York State Energy Research and Development Authority, NYSERDA) কর্তৃক পরিচালিত এই রিবেট স্টেটের 62টি কাউন্টির সবগুলোতে গাড়ির ডিলারদের কাছ থেকে পাওয়া যাবে। 60টির বেশি মডেলের গাড়ির

জন্য 500 - 2,000 ডলারের রিবেট পাওয়া যাবে এবং 42,000 ডলারের চেয়ে কম খুচরা মূল্যের অপেক্ষাকৃত দীর্ঘ রেঞ্জের, সর্ব-বৈদ্যুতিক যানবাহন ক্রয় বা লিজের জন্য ভোক্তারা অপেক্ষাকৃত বেশি রিবেট পাবেন।

NYSERDA-এর প্রেসিডেন্ট ও CEO ডোরিন এম. হ্যারিস বলেন, "ZEV অ্যাওয়ার্ড এবং নিউ ইয়র্ক স্টেটের ড্রাইভ ক্লিন রিবেট কর্মসূচি উভয়টি কমিউনিটি ও ভোক্তাদের কাছে গুরুত্বপূর্ণ বার্তা পৌঁছে দিচ্ছে যে একটি বৈদ্যুতিক গাড়ির মালিক হওয়া অথবা বৈদ্যুতিক গাড়ির একটি বহর গড়ে তোলার জন্য পদক্ষেপ গ্রহণের এখুনি সময়। এই বিষয়টি নিয়ে আমরা সবাই গর্ব করতে পারি যে EV চার্জার ও অবকাঠামো এখন স্টেটজুড়ে আগের যেকোনো সময়ের চেয়ে বেশি দেখা যাচ্ছে, যা জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে আমাদের লড়াইয়ে অধিকতর শক্তিশালী, আরো স্বাস্থ্যকর কমিউনিটি গড়ে তোলার জন্য সাহায্য করবে এমন অধিকতর নির্মল পরিবহনের অপশনের মাধ্যমে নিজেদের কার্বন ফুটপ্রিন্ট সংকুচিত করতে সব নিউ ইয়র্কবাসীকে সহায়তা করবে।"

পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation, DEC)-এর কমিশনার বাসিল সেগোস বলেন, "কমিউনিটিগুলোর সাথে একসঙ্গে কাজ করে আমাদের পরিবহন খাতকে সবুজ করে তোলার জন্য নিউ ইয়র্ক স্টেট উল্লেখযোগ্য বিনিয়োগ করছে। স্থানীয় পর্যায়ে কার্যপরিচালনায় সহায়তার জন্য গভর্নর হোকলের প্রচেষ্টাকে সাধুবাদ জানাই। আজকের অনুদান গ্রহীতারা স্টেট ও দেশের বাকিদের জন্য একটি নির্মল, সবুজ উদাহরণ স্থাপন করছেন। বৈদ্যুতিক যানবাহন ক্রয় করা এবং চার্জিং স্টেশন স্থাপন করা এসব মিউনিসিপ্যালিটির পাশাপাশি সেগুলোর অধিবাসী ও দর্শনার্থীদেরকেও সাহায্য করবে, এবং জলবায়ু পরিবর্তনকারী গ্রিনহাউজ গ্যাস নির্গমন কমিয়ে আনার বিষয়টিকে এসব কমিউনিটি কিভাবে অগ্রাধিকার বানিয়ে নিয়েছে তা দেখা যায়।"

নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটি (New York Power Authority)-এর প্রেসিডেন্ট ও CEO জাস্টিন ই. ড্রিসকল বলেন, "দ্রুত ও সহজে অ্যাক্সেসযোগ্য চার্জিং ব্যবস্থা নির্গমনবিহীন পরিবহনের ব্যাপক গ্রহণযোগ্যতার পূর্বশর্ত। নিউ ইয়র্কের ইভলভ NY (EVolve NY) কর্মসূচির মাধ্যমে অবকাঠামো নির্মাণ করাটা গ্রিনহাউজ গ্যাস নির্গমন কমানো এবং আমাদের সবার জন্য একটি অধিকতর স্বাস্থ্যকর পরিবেশ তৈরি করার মাধ্যমে স্টেটের উচ্চাকাঙ্ক্ষী জলবায়ু লক্ষ্য অর্জনে নিজেদের দায়িত্বটুকু পালন করাকে ভোক্তাদের জন্য সহজ করে দেয়।"

DEC-এর মিউনিসিপ্যাল জিরো-ইমিশন ভেহিকেল (Zero-Emission Vehicle, ZEV) কর্মসূচির 2021 সালের রাউন্ডে প্রদান করা 2.7 মিলিয়ন ডলার স্টেটের পরিবেশ সুরক্ষা তহবিলের অর্থায়নে এবং DEC-এর পরিচালনায় প্রদান করা হচ্ছে। 200টি বাড়তি লেভেল 2 চার্জিং পোর্ট, ছয়টি বাড়তি ডিরেক্ট কারেন্ট ফাস্ট চার্জ (DCFC) পেডেস্টাল, এবং দুইটি হাইড্রোজেন ফুয়েলিং নজল স্থাপনের জন্য অর্থায়ন করতে সাহায্য করার উদ্দেশ্যে 20টি মিউনিসিপ্যালিটিকে 49টি অনুদানের মাধ্যমে প্রায় 2.5 মিলিয়ন ডলার প্রদান করা হচ্ছে। সেইসাথে, মিউনিসিপ্যাল ফ্লিটের ব্যবহারের জন্য 32টি সম্পূর্ণভাবে ব্যাটারিতে চালিত বৈদ্যুতিক গাড়ি ক্রয়ের জন্য সহায়তা করতে নয়টি মিউনিসিপ্যালিটিকে মোট 215,000 ডলারের 10টি অনুদান প্রদান করা হয়েছে। যোগ্য যানবাহনগুলোর অবশ্যই ন্যূনতম 50 মাইল বৈদ্যুতিক রেঞ্জ থাকতে হবে।

2021 সালের ZEV অনুদানের গ্রহীতারা হলেন:

ক্যাপিটাল ডিস্ট্রিক্ট
চেস্টার টাউন: আটটি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 44,965 ডলার

সেন্ট্রাল নিউ ইয়র্ক
ডেউইট টাউন: দুইটি হাইড্রোজেন ফুয়েলিং নজল ও চারটি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 297,700 ডলার
ম্যানিলাস টাউন: চারটি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 21,286 ডলার

ফিঙ্গার লেকস
ক্যানানডাইগুয়া সিটি: আটটি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 358,984 ডলার
মনরো কাউন্টি: 16টি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 248,360 ডলার
পেরি ভিলেজ: একটি ব্যাটারিচালিত বৈদ্যুতিক গাড়ির জন্য 7,500 ডলার

লং আইল্যান্ড
ইস্ট হ্যাম্পটন টাউন: 20টি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 250,000 ডলার
টাউন অফ হেম্পস্টিড: দুইটি ব্যাটারিচালিত বৈদ্যুতিক গাড়ির জন্য 15,000 ডলার
ভিলেজ অব গ্রেট নেক এস্টেটস: দুইটি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 36,436 ডলার
বেভিল ভিলেজ: দুইটি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 26,871.32 ডলার
পোর্ট জেফারসন ভিলেজ: দুইটি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 21,386.25 ডলার
টাউন অব শেল্টার আইল্যান্ড: দুইটি ব্যাটারিচালিত বৈদ্যুতিক গাড়ির জন্য 15,000 ডলার

মধ্য-হাডসন
সিটি অব ইয়ংকার্স: 74টি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 261,842 ডলার
রেড হুক টাউন: দুইটি দ্রুত চার্জ পেডেস্টালের জন্য 153,628 ডলার
টাউন অব ক্লার্কসটাউন: 10টি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 89,403 ডলার এবং দুইটি ব্যাটারিচালিত বৈদ্যুতিক গাড়ির জন্য 10,000 ডলার
সিটি অব কিংসটন: ছয়টি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 73,637 ডলার
টাউন অব পাউন্ড রিজ: 20টি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 57,790.60 ডলার
টাউন অব মন্টগোমেরি: 10টি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 51,480 ডলার
পোকেপসি টাউন: 10টি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 46,388 ডলার
নিউ রচেলি সিটি: সাতটি ব্যাটারিচালিত বৈদ্যুতিক গাড়ির জন্য 35,000 ডলার
ওয়ালডেন ভিলেজ: দুইটি লেভেল 2 চার্জিং পোর্টের জন্য 22,426 ডলার
ফিশকিল টাউন: একটি ব্যাটারিচালিত বৈদ্যুতিক গাড়ির জন্য 7,500 ডলার
ভিলেজ অব হ্যাস্টিংস-অন-হাডসন: একটি ব্যাটারিচালিত বৈদ্যুতিক গাড়ির জন্য 7,500 ডলার
ওসিনিং ভিলেজ: একটি ব্যাটারিচালিত বৈদ্যুতিক গাড়ির জন্য 5,000 ডলার

নিউ ইয়র্ক সিটি

সিটি অব নিউ ইয়র্ক: 15টি ব্যাটারিচালিত বৈদ্যুতিক গাড়ির জন্য 112,500 ডলার

নর্থ কাউন্টি
ওয়েস্টপোর্ট টাউন: একটি দ্রুত চার্জ পেডেস্টালের জন্য 112,108 ডলার

সাদার্ন টিয়ার
মনট্যুর ফলস ভিলেজ: দুইটি লেভেল 2 চার্জিং পোর্ট ও একটি দ্রুত চার্জ পেডেস্টালের জন্য $104,710 ডলার

পশ্চিম নিউ ইয়র্ক
শারমেন ভিলেজ: দুইটি দ্রুত চার্জ পেডেস্টালের জন্য 217,200 ডলার

2016 সালে চালু হওয়ার পর থেকে DEC মিউনিসিপ্যাল ZEV কর্মসূচি 144টি প্লাগইন হাইব্রিড গাড়ি, 106টি সর্ব-বৈদ্যুতিক গাড়ি, 622টি লেভেল 2 চার্জিং পোর্ট, 16টি ফাস্ট চার্জ পেডেস্ট্রাল, এবং তিনটি হাইড্রোজেন ফুয়েলিং নজল ক্রয়ের জন্য 7.5 মিলিয়ন ডলারেরও বেশি অনুদান প্রদান করেছে। আরো তথ্যের জন্য, দেখুন https://www.dec.ny.gov/energy/109181.html#ZEV।

5 জানুয়ারি তারিখে ঘোষিত গভর্নর হোকলের 2022 সালের স্টেট অব দ্যা স্টেট এজেন্ডা অনুযায়ী, বৈদ্যুতিক গাড়ির ব্যবহার চালু করা ও অবকাঠামোর জন্য সহায়তার উদ্দেশ্যে 1 বিলিয়ন ডলার বিনিয়োগ করার প্রস্তাবের মধ্য দিয়ে নিউ ইয়র্ক শূন্য-নির্গমন বৈদ্যুতিক গাড়ির ব্যবহার চালুর প্রক্রিয়া ত্বরান্বিত করবে, যে প্রক্রিয়ার আওতায় 2035 সালের মধ্যে স্টেট ফ্লিটের বৈদ্যুতিকরণ করা হবে, 2035 সালের মধ্যে 100 ভাগ বৈদ্যুতিক স্কুল বাস অর্জন করা হবে, এবং হান্টস পয়েন্টকে একটি ক্লিন ডিস্ট্রিবিউশন হাবে রূপান্তর করা হবে।

নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটি এখন পর্যন্ত এটির ক্রস-স্টেট ইভলভ NY নেটওয়ার্কে 90টি উচ্চ-গতির চার্জিং স্টেশন স্থাপন করেছে, যা EV-এর ব্যবহার উৎসাহিত করার উদ্দেশ্যে প্রধান ভ্রমণ করিডরের ও শহরাঞ্চলগুলোর গুরুত্বপূর্ণ স্থানগুলোতে উচ্চ-গতির উন্মুক্ত অ্যাক্সেস চার্জিং-এর ব্যবস্থা নিয়ে আসছে।

পরিবহন খাতের ডিকার্বনাইজেশনে আরো বেশি সহায়তা করার জন্য, নিউ ইয়র্ক স্টেট ইতোমধ্যে কয়েকটি গুরুত্বপূর্ণ কর্মসূচি বাস্তবায়ন করেছে যেগুলোর উদ্দেশ্য হলো শূন্য-নির্গমন যানবাহনের দিকে উত্তরণ ত্বরান্বিত করা। সেপ্টেম্বর মাসে, গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটে বিক্রি হওয়া সকল নতুন যাত্রীবাহী গাড়ি ও ট্রাকের জন্য 2035 সালের মধ্যে শূন্য-নির্গমন অর্জনের লক্ষ্য নির্ধারণ করে একটি আইন স্বাক্ষর করেছেন। এছাড়াও গভর্নর হোকল সম্প্রতি DEC কর্তৃক অ্যাডভান্সড ক্লিন ট্রাক রুল চূড়ান্ত করার ঘোষণা দিয়েছেন যেখানে শূন্য-নির্গমন ট্রাকের বিক্রি ও ব্যবহার চালু করা হবে এবং সেগুলোর ক্ষতিকর দূষণকারী পদার্থগুলো কমিয়ে আনা হবে যেগুলো সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোর স্বাস্থ্য ও সুস্থতাকে বিশেষভাবে ক্ষতিগ্রস্ত করে থাকে।

নিউ ইয়র্ক স্টেটের জাতির নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা
নিউ ইয়র্ক স্টেটের জাতির নেতৃত্বকারী জলবায়ুর কর্মসূচী হল জাতির সব চেয়ে বেশি আক্রমণাত্মক জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা সুশৃঙ্খল ও ন্যায্যভাবে পরিচ্ছন্ন শক্তিতে উত্তরণের আহ্বান করে যা চাকরি তৈরি করে এবং নিউ ইয়র্ক স্টেট কোভিড-19 মহামারী থেকে উদ্ধারলাভের সাথে সাথে একটি সবুজ অর্থনীতিকে প্রতিপালন করা অব্যাহত রাখে। জলবায়ু নেতৃত্ব এবং জনসমাজের সুরক্ষা আইন (Climate Leadership and Community Protection Act) এর মাধ্যমে আইনের অন্তর্ভুক্ত করার পরে, নিউ ইয়র্ক 2040 এর মধ্যে শূন্য-নির্গমন বিদ্যুৎশক্তির ক্ষেত্রে তার বাধ্যতামূলক লক্ষ্য অর্জনের পথে এগিয়ে চলেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে 2030 এর মধ্যে 70 শতাংশ পুনর্নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং অর্থনীতি ব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। স্টেট জুড়ে 102টি বিশাল মাত্রার নবায়নযোগ্য ও বিতরণের প্রকল্পে 33 বিলিয়ন ডলারের বেশি, বিল্ডিং থেকে নির্গমন হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন ডলার, সৌরশক্তির মাত্রা বৃদ্ধি করার জন্য 1.8 বিলিয়ন ডলার, নির্মল পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন ডলারের বেশি, এবং NY গ্রীন ব্যাংক-এর প্রতিশ্রুতিতে 1.6 বিলিয়ন ডলারের বেশি সহ, এটি নির্মল জ্বালানির মাত্রা বৃদ্ধি করার জন্য নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগের সাথে যুক্ত হয়েছে। সম্মিলিতভাবে, এই বিনিয়োগগুলি 2020 সালে নিউইয়র্কের নির্মল জ্বালানি খাতে 158,000 এরও বেশি চাকরি, 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ প্রবৃদ্ধি এবং 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর বায়ুশক্তি গড়ে তোলার প্রতিশ্রুতিকে সমর্থন করে। জলবায়ু আইনের অধীনে, নিউ ইয়র্কে এই অগ্রগতির উপর ভিত্তি করে নির্মাণ করবে এবং 2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমনকে 1990 এর স্তর থেকে 85 শতাংশ কমাবে, এবং নিশ্চিত করবে যে পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগের 40 শতাংশ বেনিফিটের অন্তত 35 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিকে দেওয়া হবে, এবং চূড়ান্ত ব্যবহারকারীর শক্তির খরচ সাশ্রয় করার মাধ্যমে অন-সাইট শক্তি খরচ 185 ট্রিলিয়ন BTU কমানো, যাতে 2025 সালের শক্তির দক্ষতার লক্ষের উদ্দেশ্যে অগ্রসর হওয়া যায়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন